

১৫। নিবন্ধন।— (১) করযোগ্য পণ্যের সরবরাহকারী বা করযোগ্য সেবা প্রদানকারী বা যে কোন পণ্যের আমদানিকারক বা যে কোন পণ্য বা সেবার রপ্তানিকারককে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট নিবন্ধিত হইতে হইবে।

(২) যদি কোন ব্যক্তি দুই বা ততোধিক স্থান হইতে উক্তরূপ পণ্য সরবরাহ করেন বা সেবা প্রদান করেন বা আমদানি বা রপ্তানির ব্যবসায় পরিচালনা করেন তাহা হইলে তাহাকে প্রতিটি স্থানের জন্য পৃথকভাবে নিবন্ধিত হইতে হইবে^১।

তবে শর্ত থাকে যে, যে ক্ষেত্রে উক্তরূপ কোন^২ পণ্য সরবরাহ, উৎপাদন পর্যায়ে ব্যতীত, বা সেবা প্রদান বা আমদানী বা রপ্তানী ব্যবসায় পরিচালনা কেন্দ্রীয়ভাবে করা হয় এবং উহার হিসাব-নিকাশ ও রেকর্ডপত্র অনুরূপভাবে সংরক্ষিত হয়, সেইক্ষেত্রে বোর্ড, সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা, শুধুমাত্র উক্ত পণ্য সরবরাহ, উৎপাদন পর্যায়ে ব্যতীত, সেবা প্রদানের বা, ক্ষেত্রমত, আমদানি বা রপ্তানি ব্যবসায়ের সদর দপ্তরকে^৩ [কেন্দ্রীয়ভাবে] এই ধারার অধীন নিবন্ধিত করার নির্দেশ প্রদান করিতে পারিবে।]

(৩) নিবন্ধনের আবেদনপত্র সর্বতোভাবে যথাযথ বলিয়া সংশ্লিষ্ট কর্মকর্তা সন্তুষ্ট হইলে তিনি আবেদনকারীকে নিবন্ধিত করিবেন এবং তাহার ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা উল্লেখ করিয়া তাহাকে একটি নিবন্ধনপত্র প্রদান করিবেন।

^৪[৩ক) এই ধারার অন্যান্য বিধানে যাহা কিছুই থাকুক না কেন, কোন নির্দিষ্ট শ্রেণীর করযোগ্য পণ্যের সরবরাহকারী বা আমদানীকারক বা করযোগ্য সেবা প্রদানকারীর ক্ষেত্রে উপ-ধারা (৩) এর অধীন প্রদত্ত নিবন্ধনপত্রের মেয়াদ বিধি দ্বারা নির্ধারণ করা যাইবে এবং উক্ত বিধিতে নির্ধারিত শর্ত ও পদ্ধতিতে উক্তরূপ নিবন্ধনপত্র মেয়াদান্তে নবায়ন করা যাইবে।]

(৪) যদি নিবন্ধনযোগ্য কোন ব্যক্তি নিবন্ধনের জন্য আবেদনপত্র পেশ না করেন এবং সংশ্লিষ্ট কর্মকর্তা যথাযথ অনুসন্ধানের পর সন্তুষ্ট হন যে উক্ত ব্যক্তির এই ধারার অধীন নিবন্ধিত হওয়ার বাধ্যবাধকতা রহিয়াছে, তাহা হইলে তিনি উক্ত ব্যক্তিকে^৫ [নিবন্ধিত করিয়া তাহাকে অবহিত করিবেন] এবং যেদিন হইতে উক্ত বাধ্যবাধকতার উদ্ভব হইয়াছে সেই দিন হইতেই উক্ত ব্যক্তি নিবন্ধিত বলিয়া গণ্য হইবেন।

^৬(৫) উপ-ধারা (১), (২), (৩) ও (৪) এ যাহা কিছুই থাকুক না কেন মূল্য সংযোজন কর ও আয়করের জন্য প্রত্যেক নিবন্ধিত ব্যক্তিকে একটি সমন্বিত (Unified) নিবন্ধন সংখ্যা প্রদান করা যাইবে। তবে শর্ত থাকে যে, বোর্ড, গেজেটে প্রকাশিত প্রজ্ঞাপনের মাধ্যমে এই সমন্বিত নিবন্ধন সংখ্যা প্রদানের সময় ও পদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।]

^১। অর্থ আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১১ নং আইন) এর ধারা ৯(৪) বলে দাঁড়ির পরিবর্তে কোলন প্রতিস্থাপিত এবং শর্তাংশ সংযোজিত।

^২। অর্থ আইন, ২০০৩ (২০০৩ সনের ১৭ নং আইন) এর ধারা ৩৯ বলে “পণ্য সরবরাহ, উৎপাদন পর্যায়ে ব্যতীত, বা সেবা প্রদান বা আমদানী বা রপ্তানী ব্যবসায় পরিচালনা কেন্দ্রীয়ভাবে করা হয় এবং উহার হিসাব-নিকাশ ও রেকর্ডপত্র অনুরূপভাবে সংরক্ষিত হয়, সেইক্ষেত্রে বোর্ড, সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা, শুধুমাত্র উক্ত পণ্য সরবরাহ, উৎপাদন পর্যায়ে ব্যতীত” শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত।

^৩। অর্থ আইন, ২০০৬ (২০০৬ সনের ২২ নং আইন) এর ধারা ৩৩ বলে “সদর দপ্তরকে” শব্দগুলির পর “কেন্দ্রীয়ভাবে” শব্দ সন্নিবেশিত।

^৪। অর্থ আইন, ২০০৪ (২০০৪ সনের ১৬ নং আইন) এর ধারা ৪৯ বলে ধারা ১৫ এর উপ-ধারা (৩) এর নব্বিন্দ উপ-ধারা (৩ক) সন্নিবেশিত।

^৫। অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১(৮) বলে “নিবন্ধিত হইতে বাধ্য করিবেন” শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

^৬। অর্থ অধ্যাদেশ, ২০০৭ (২০০৭ সনের ১০ নং অধ্যাদেশ) এর ধারা ৬১ বলে উপ-ধারা (৪) এর পর নতুন উপ-ধারা (৫) সন্নিবেশিত।